# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘন্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ নিশাত নিজেকে মুসলিম দাবি করলেও তার জীবনযাপনে এর কোনো প্রতিফলন নেই। অপরদিকে রিফাত তার বন্ধুদের গোপন কথা সবাইকে বলে দেয়, টাকা, বই ধার নিলে কখনো তা ফেরত দেয় না।

ক. 'সাইয়্যিদুল মুরসালিন' অর্থ কী? ১

খ. ইমানের দিকগুলো লেখ। ২

গ. রিফাতের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিশাত কি প্রকৃত ইমানদার? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ▶ জনাব হাশিম একজন ন্যায়বিচারক। অন্যকে ক্ষমা ও দান খয়রাত করা তার চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। জুমার খুতবায় ইমাম সাহেব বললেন, আল্লাহ তায়ালার গুণবাচক নামসমূহ অনুসরণ করা আমাদের কর্তব্য। কেননা আল্লাহ তায়ালা নিজেই বলেছেন, 'তোমরা আল্লাহর গুণে গুণান্বিত হও।

ক. মুহাইমিনুন শব্দের অর্থ কী? ১

খ. আকাইদ বলতে কী বোঝ? ২

গ. হাশিম সাহেবের ক্ষমা করাটা আল্লাহর কোন গুণবাচক নামের প্রতিফলন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যটি কি সঠিক? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. ★ জনাব শামীমের ওপর যাকাত ফরয। তিনি যাকাত আদায়ের নিমিত্তে মসজিদ নির্মাণের জন্য কিছু টাকা দান করেন। তখন তার বন্ধু জনাব শিহাব বলেন— আল্লাহ সমাজের ধনী-দরিদ্রের বৈষম্য দূর করার জন্য যাকাত ফরয করেছেন।

Teachingbd24.com

ক. কুরবানির সমার্থক শব্দ কী? ১
খ. ফসলের যাকাত সম্পর্কে লেখ। ২
গ. জনাব শামীমের যাকাত আদায় হয়েছে কি? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব শিহাবের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৪.▶ রাশাদ তার বাবার সাথে পশুর হাটে যায় এবং পছন্দনীয় একটি গরু কিনে আনে। ১০ই যিলহজ তার বাবা ও অন্যান্য প্রতিবেশীগণ নিজ নিজ গরু-ছাগল জবাই করে এর কিছু অংশ আত্মীয়স্বজন গরিবদের মাঝে বিতরণ করে। অপরদিকে তার চাচার একটি পুত্র সন্তান জন্মগ্রহণ করলে, সন্তান জন্মের সপ্তম দিনে পশু জবাইসহ আরও কিছু কাজ করেন।

ক. মাসারিফ অর্থ কী? ১
খ. মিসকিন বলতে কী বোঝ? ২
গ. রাশাদের বাবা ও প্রতিবেশীগণ কোন ইবাদত করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাশাদের চাচা কাজের মাধ্যমে যে ইবাদত পালন করেন, ইসলামে এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫.▶ রুহিন হালাল-হারাম, ইবাদতের বিধিবিধান জানার জন্য কুরআনের কিছু ছোট সূরা অর্থসহ পাঠ করে, কিন্তু সে তা খুঁজে পায়নি। তখন তার বাবা তাকে বলেন, তুমি সমগ্র কুরআন অধ্যয়ন কর, তাহলে ইসলামের সকল বিধানই খুঁজে পাবে।

ক. আল-কুরআন প্রথমে একসাথে কোথায় নাযিল হয়? ১
খ. আল-কুরআনকে আন-নূর বলা হয় কেন? ২
গ. রুহিন আল-কুরআনের কোন প্রকারের সূরা অধ্যয়ন করলে তার কাঙ্ক্ষিত বিষয় খুঁজে পেত? ব্যাখ্যা করো। ৩
ঘ. রুহিনের বাবার বক্তব্যের সাথে তুমি কি একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ শিক্ষক বলেন, পবিত্র কুরআনের একটি সূরায় বর্ণিত আছে— এক খ্রিষ্টান শাসক গর্ব ও অহংকারবশত আল্লাহর সাথে শত্রুতা করে। ফলে আল্লাহ ছোট ছোট পাখির সাহায্যে তার বিশাল বাহিনীসহ তাকে ধ্বংস করেন। এভাবেই আল্লাহ তাঁর শত্রু ও বিরোধীতাকারীদের শাস্তি দেন।

Teachingbd24.com

ক. যিলযাল শব্দের অর্থ কী? ১

খ. তাজবিদ শিক্ষা প্রয়োজনীয় কী? ২

গ. শিক্ষক কোন সূরার প্রতি ইঙ্গিত করেছেন? সূরাটির অর্থ লেখ। ৩

ঘ. শিক্ষক মহোদয়ের বক্তব্যের দ্বারা যে ঘটনাটি নির্দেশ করে তা বিশ্লেষণ করো। ৪

৭.▶ আকস্মিকভাবে আগুন লেগে আসিফ সাহেবের গার্মেন্টসটি পুড়ে যায়। এতে তার ব্যাপক ক্ষতি সাধিত হয়। তারপরও তিনি ধৈর্য হারা হননি। তিনি জানেন ধৈর্য উভয় জগতের জন্য সফলতার চাবিকাঠি এ সম্পর্কে আল্লাহ বলেন, 'অবশ্যই ধৈর্যশীলগণকে তাদের প্রতিদান অগণিতভাবে দেওয়া হবে।'

ক. আখলাক শব্দের একবচন কী? ১

খ. দেশপ্রেম ইমানের অঙ্গ বুঝিয়ে লেখ। ২

গ. আসিফ সাহেব উভয় জগতে সফলতা লাভের জন্য কীভাবে অগ্রসর হবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বাণীর আলোকে ধৈর্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৮.▶ পবিত্র কুরআনে আল্লাহ বলেন— 'নিশ্চয়ই মুমিনগণ ভাই ভাই।' কিন্তু মুসলিম সমাজে আয়াতটির শিক্ষা প্রতিফলিত না হওয়ায় পরিবার, সমাজ, রাষ্ট্র তথা সর্বক্ষেত্রে নৈরাজ্য বিরাজ করছে।

ক. 'ধৈর্য' এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. কোন কাজগুলোর দ্বারা মানুষ অহংকার প্রকাশ করে? লেখ। ২

গ. কীভাবে 'মুমিনগণ ভাই ভাই' হয়ে উঠতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আল্লাহর বাণীর অনুসরণে পরিবার, সমাজ ও রাষ্ট্রে ইসলামি ভ্রাতৃত্বের সুফল বিশ্লেষণ করো। ৪

৯. ★ মালিহা একজন নবির জীবনী পড়ছিল। যিনি পশুপাখি, জীবজন্তুর ভাষা বুঝতে পারতেন, অবাধ্য জিনেরা ছিল তাঁর অধীন। মহান আল্লাহ তাকে পৃথিবীর রাজত্ব দান করেন। তাঁর ছিল সুক্ষ্ম বিচারশক্তি।

Teachingbd24.com

ক. 'ফিরআউন' কে ছিল? ১

খ. হযরত ঈসা (আ) এর অলৌকিক ক্ষমতা সম্পর্কে লেখ। ২

গ. মালিহা কোন নবির জীবনী পড়ছিল? তাঁর থেকে কীভাবে আমরা শাসনকার্য ও বিচারকার্য পরিচালনা শিখতে পারি? ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিত দেওয়া নবি অধীনস্ত জিনদের দ্বারা কী কী কাজ করান? বিশ্লেষণ করো। ৪

১০. ★ মহানবি (স) সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসুল। তাঁর সমগ্র জীবন আমাদের জন্য আদর্শ। ক্ষমাশীলতা, উদারতা, সততা, মানবিকতা, ন্যায়পরায়ণতাসহ যাবতীয় সৎগুণের সমাবেশ ছিল তাঁর চরিত্রে। তিনি সকল মানুষকে উদ্দেশ্য করে জীবনের শেষ প্রান্তে ৯ই যিলহজ 'জাবালে রহমতে' জীবন স্পর্শী একটি ভাষণ দান করেন।

ক. জিযিয়া কী? ১

খ. মুহাজির ও আনসারদের মধ্যে স্থাপিত ভ্রাতৃত্ববন্ধন সম্পর্কে লেখ। ২

গ. মহানবির (স) ক্ষমাশীলতা ও উদারতার উদাহরণ ব্যাখ্যা করো। ৩

ঘ. ৯ই যিলহজের ভাষণে মহানবি (স) স্ত্রী ও দাস-দাসীর অধিকারের প্রতি কী নির্দেশনা প্রদান করেন? বিশ্লেষণ করো। ৪

১১. ▶ তালাল মনে করে মহান আল্লাহ মানুষকে সৎপথ দেখানোর জন্য নবি-রাসুল প্রেরণ করেন। যেহেতু মানুষ বিভিন্ন অন্যায় কাজে লিপ্ত হয়ে পড়ে, তাই মানুষকে হেদায়েতের জন্য নবি-রাসুলও আসতে থাকবেন। এর জবাবে যায়েদ বলে এর কোন সম্ভাবনা নেই। পবিত্র কুরআনে ঘোষণা করা হয়েছে— 'মহানবি (স) আল্লাহর রাসুল ও সর্বশেষ নবি।'

ক. প্রকৃতপক্ষে আল্লাহর গুণবাচক নাম কয়টি? ১

খ. নবি-রাসুলের পার্থক্য লেখ। ২

গ. তালালের মনোভাব ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মহানবি (স) আল্লাহর রাসুল ও সর্বশেষ নবি'— উক্তিটি যুক্তি দ্বারা প্রমাণ করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ 'নিশ্চয়ই মুনাফিকদের স্থান জাহান্নামের সর্ব নিম্নস্তরে'— কোন সূরার আয়াত?
ক) সূরা আন-নিসা
খ) সূরা আল-মুনাফিকুন
গ) সূরা আল-ইমরান ঘ) সূরা আল-বাকারা

২. 'মুহাইমিনু' অর্থ—
ক) আশ্রয়দাতা খ) পরম দয়ালু
গ) অমুখাপেক্ষী ঘ) হিসাব গ্রহণকারী

৩. আসমানি কিতাবগুলোর মধ্যে সবচেয়ে ছোট কিতাবগুলোকে কী বলা হয়?
ক) সহিফা খ) সগীরা
গ) কিতাব ঘ) সাদিকা

৪. ★ আল-আসমাউল হুসনা কয়টি?
ক) ৯৬টি খ) ৯৭টি
গ) ৯৮টি ঘ) ৯৯টি

৫. আব্দুর রহমান নিজেকে তার ভাগ্য নিয়ন্ত্রক বলে মনে করে। সে কোন বিষয়টিকে অবিশ্বাস করছে?
ক) আখিরাত খ) পুলসিরাত
গ) তাকদির ঘ) রিসালাত

৬. ★ আল্লাহর রং বলতে বোঝায়—
i. আল্লাহর দীন
ii. আল্লাহর ক্ষমতা
iii. আল্লাহর গুণাবলি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৭. 'ও মাসারিফ' শব্দের অর্থ কী?
ক) ব্যয়ের খাত খ) পরিমাণ
গ) হিসাব ঘ) পবিত্রতা

৮. 'তাদের (ধনীদের) ধন-সম্পদে অবশ্যই দরিদ্র ও বঞ্চিতদের অধিকার রয়েছে'— কোন সূরার আয়াত?
ক) সূরা আল-মায়িদা খ) সূরা তওবা
গ) সূরা আল-ইমরান ঘ) সূরা যারিয়াত

৯. যাকাত ফরজ হওয়ার জন্য প্রথম শর্ত কোনটি?
ক) সম্পদের মালিক হওয়া
খ) মুসলমান হওয়া
গ) প্রাপ্তবয়স্ক হওয়া
ঘ) ঋণ মুক্ত হওয়া

১০. ★ যাকাত ফরজের মূল উদ্দেশ্য কী?
ক) অর্থনৈতিক ভারসাম্য আনয়ন
খ) মৌলিক চাহিদা পূরণ
গ) গরিবকে অর্থ সাহায্য দেওয়া
ঘ) সর্বস্তরের মানুষকে সাহায্য করা

১১. জিলহজ মাসের কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত পশু কুরবানি করতে হয়?
ক) ৭-৯ খ) ১০-১২
গ) ১৩-১৫ ঘ) ১৬-১৯

১২. সন্তান জন্মের সপ্তম দিনে উত্তম কাজ হলো—
i. সন্তানের ইসলামি নাম রাখা
ii. মাথা মুণ্ডন করা
iii. আকিকা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. 'ইদগামে কামিল' এর হরফ কয়টি?
ক) দুইটি খ) তিনটি
গ) ছয়টি ঘ) পনেরটি

১৪. ★ 'আয-যিকর' শব্দের অর্থ কী?
ক) উপদেশ খ) জ্যোতি
গ) আলো ঘ) দয়া

১৫. মক্কি সূরার বিষয়বস্তু হলো—
i. তাওহিদ
ii. রিসালাত
iii. হালাল-হারাম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৬. ★ সূরা আল কদরের আয়াত সংখ্যা কত?
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৮

১৭. সূরা যিলযাল আল কুরআনের কততম সূরা?
ক) ৯৭ খ) ৯৮
গ) ৯৯ ঘ) ১০০

১৮. জনাব আমজাদ নুন সাকিন, তানবিন ও মিম সাকিন এর নিয়ম পড়তে গিয়ে যে সকল নিয়ম উভয় নিয়মেই দেখতে পায় তা হলো—
i. ইজহার
ii. ইদগাম
iii. ইকলাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. মহানবি (স)-এর ভাষ্যানুযায়ী পূর্ববর্তী উম্মতের যে রোগ আমাদের দিকে সংক্রমিত হয়েছে—
i. হিংসা
ii. অর্থ-লালসা
iii. ঘৃণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. ★ কিয়ামতের দিন মুমিনের পরিমাপ দণ্ডে সবচেয়ে ভারী জিনিস কী হবে?
ক) উত্তম চরিত্র খ) সত্যবাদিতা
গ) দয়াশীলতা ঘ) সালাত

২১. 'ধৈর্য'-এর আরবি প্রতিশব্দ কী?
ক) সিদক খ) আহদ
গ) সবর ঘ) আখলাক

২২. ★ ভ্রাতৃত্ব কত প্রকার?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

২৩. মহানবি (স)-এর প্রেরিত হওয়ার কারণ কী ছিল?
ক) হাদিস বলার জন্য খ) বিশ্বজয় করার জন্য
গ) আরবদের নেতৃত্ব দেয়ার জন্য
ঘ) উত্তম চরিত্রের পরিপূর্ণতা দানের জন্য

২৪. পরমতসহিষ্ণুতা প্রদর্শন করতে হবে—
i. পরিবারে
ii. সমাজে
iii. রাষ্ট্রে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. দেশপ্রেম গুরুত্বপূর্ণ অংশ—
ক) ইসলামের খ) তাকওয়ার
গ) ভালো কাজের ঘ) ইমানের

২৬. হযরত সুলাইমান (আ)-এর ইন্তেকালের সময় তার বয়স কত ছিল?
ক) ৫০ বছর খ) ৫২ বছর
গ) ৫৩ বছর ঘ) ৫৪ বছর

২৭. ★ মৃত্যুর আগে হযরত সুলাইমান (আ) কোথায় প্রবেশ করেছিলেন?
ক) স্বচ্ছ কাঁচের তৈরি মেহরাবে
খ) বাইতুল মুকাদ্দাসে
গ) মদিনা শরিফ ঘ) মক্কা শরিফ

২৮. হযরত মুসা (আ) কোন বংশে জন্মগ্রহণ করেন?
ক) বনি-ইসরাইল খ) ফিরাউন
গ) কিবতী ঘ) কুরাইশ

২৯. হযরত ঈসা (আ) পুনরায় দুনিয়াতে আগমন করে কত বছর পৃথিবীতে অবস্থান করবেন?
ক) ৪০ খ) ৪৫
গ) ৫০ ঘ) ৫৫

৩০. ★ একজন মুসলিমকে এ বিশ্বাস করতে হবে যে—
i. ঈসা (আ) আল্লাহর বান্দা
ii. মরিয়ম (আ) এখনো জীবিত
iii. ঈসা (আ) এখনো জীবিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd24.com